

## গীতালি

৮০

সারা জীবন দিল আলো  
সূর্য্য গ্রহ চাঁদ,  
তোমার আশীর্ব্বাদ, হে প্রভু,  
তোমার আশীর্ব্বাদ ।

৫০৭

## গীতালি

মেঘের কলস ভরে' ভরে'  
প্রসাদ-বারি পড়ে ঝরে',  
সকল দেহে প্রভাত বায়ু  
যুচায় অবসাদ,—  
তোমার আশীর্ব্বাদ, হে প্রভু,  
তোমার আশীর্ব্বাদ ।

তৃণ যে এই ধূলার পরে  
পাতে আঁচলখানি,  
এই যে আকাশ চির-নীরব  
অমৃতময় বাণী,—  
ফুল যে আসে দিনে দিনে  
বিনা রেখার পথটি চিনে,  
এই যে ভুবন দিকে দিকে  
পূরায় কত সাধ,  
তোমার আশীর্ব্বাদ, হে প্রভু  
তোমার আশীর্ব্বাদ ।

২০ আশ্বিন প্রভাত  
শান্তিনিকেতন